**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 20-02-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ আগরতলায় পূর্ব, উত্তর-পূর্ব ও উত্তর অঞ্চলের জন্য যৌথ আঞ্চলিক রাজভাষা সম্মেলনের উদ্বোধন করেন।**

**(২) মুখ্যমন্ত্রী ডাঃ মানিক সাহা বলেন, প্রশাসনিক কাজে রাজভাষার কার্যকর প্রয়োগ নিশ্চিত করতে সরকার বদ্ধপরিকর।**

**(৩) রাজ্য নির্বাচন কমিশন আসন্ন এডিসি নির্বাচনের জন্য ২৮টি নির্বাচনী ক্ষেত্রের ভোট কেন্দ্রের চূড়ান্ত তালিকা প্রকাশ করবে আগামীকাল।**

**(৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ইন্ডিয়া এ.আই ইমপ্যাক্ট সামিট ২০২৬-এর অবসরে বিভিন্ন নেতৃবৃন্দের সঙ্গে মত বিনিময় করেন।**

****************************************

**Rajbhasha Conference :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ আগরতলার হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গনের ইন্ডোর এক্সিবিশন হলে পূর্ব, উত্তর-পূর্ব ও উত্তর অঞ্চলের জন্য যৌথ আঞ্চলিক রাজভাষা সম্মেলনের উদ্বোধন করেন। যৌথ সম্মেলনে পূর্বাঞ্চলের পশ্চিমবঙ্গ, ওড়িশা, বিহার, ঝাড়খণ্ড, উত্তর-পূর্বাঞ্চলের ত্রিপুরা, আসাম, মণিপুর, মেঘালয়, মিজোরাম, নাগাল্যান্ড, অরুণাচল প্রদেশ, সিকিম এবং উত্তর-পূর্বাঞ্চলের উত্তর প্রদেশ, উত্তরাখণ্ড, হরিয়ানা, পাঞ্জাব, হিমাচল প্রদেশ, রাজস্থান, জম্মু-কাশ্মীর এবং লাদাখের কেন্দ্রীয় সরকারি দপ্তর, ব্যাংক এবং উদ্যোগগুলির ঊর্ধ্বতন আধিকারিকরা অংশ নেন। রাজভাষা নীতির কার্যকর বাস্তবায়নকে আরও সুদৃঢ় করা এবং সরকারি কাজকর্মে

হিন্দির ক্রমবর্ধমান ব্যবহারে উৎসাহ প্রদান করাই এই সম্মেলনের মূল উদ্দেশ্য।

স্বরাষ্ট্রমন্ত্রী শ্রী শাহ অনুষ্ঠানে যৌথ আঞ্চলিক রাজভাষা সম্মেলনের তাৎপর্য বিস্তারিত উল্লেখ করেন। ত্রিপুরায় ভাষাগত সম্প্রীতির কথা তুলে ধরে তিনি বলেন, বাংলা, হিন্দি ও ককবরক-এই তিনটি ভাষা ত্রিপুরায় সমান্তরালভাবে প্রচলিত এবং মানুষ পারস্পরিক শ্রদ্ধাবোধ বজায় রেখে এই ভাষাগুলি ব্যবহার করছেন। ভাষাগত বৈচিত্র্যের মাঝেই ত্রিপুরা উন্নয়নের পথে এগিয়ে চলেছে বলে তিনি উল্লেখ করেন। স্বরাষ্ট্রমন্ত্রী আরো বলেন, স্থানীয় ভাষার সংরক্ষণ ও প্রসার জাতীয় ঐক্যকে আরও সুদৃঢ় করে।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী দেশের উত্তর-পূর্বাঞ্চলকে সংস্কৃতির ভাণ্ডার হিসেবে উল্লেখ করেন। তিনি বলেন, এই অঞ্চলের প্রতিটি রাজ্যের নিজস্ব ঐতিহ্য ও সামাজিক রীতিনীতি ভারতের সাংস্কৃতিক বৈচিত্র্যকে সমৃদ্ধ করেছে।

#####Byte-Amit Shah#####

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ডাঃ মানিক সাহা বলেন, প্রশাসনিক কাজে রাজভাষার কার্যকর প্রয়োগ নিশ্চিত করতে সরকার বদ্ধপরিকর। তিনি উল্লেখ করেন, মাতৃভাষার মর্যাদা রক্ষা ও সরকারি দপ্তরে রাজভাষার ব্যবহার বাড়াতে ইতিমধ্যে একাধিক পদক্ষেপ নেওয়া হয়েছে। সরকারি নথিপত্র, দাপ্তরিক চিঠিপত্র ও জনসেবামূলক কার্যক্রমে রাজভাষার ব্যবহার বাড়ানোর ওপর তিনি জোর দেন।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী বি সঞ্জয় কুমার, ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের হিন্দি বিভাগীয় প্রধান ড: মিলন রানী জামাতিয়া, নাগাল্যান্ডের নাগরি লিপি পরিষদের চেয়ারপার্সন ড.বি.পি. ফিলিপ। স্বাগত ভাষণ দেন কেন্দ্রীয় রাজ ভাষা বিভাগের সচিব অংশুলি  আর্য। উপস্থিত ছিলেন সাংসদ বিপ্লব কুমার দেব, রাজীব ভট্টাচার্য ও কৃতি দেবী দেববর্মা ও রাজ্য মন্ত্রিসভার সদস্যগণ।

অনুষ্ঠানে বিভিন্ন কেন্দ্রীয় দফতর, ব্যাংক এবং উদ্যোগকে রাজভাষা বাস্তবায়নে উৎকৃষ্ট কর্মদক্ষতার জন্য পুরস্কৃত করা হয়। একইসঙ্গে উল্লেখযোগ্য কাজের জন্য নগর রাজভাষা বাস্তবায়ন কমিটিগুলিকে 'নারাকাস রাজভাষা সম্মান' প্রদান করা হয়।

উদ্বোধনী অধিবেশনে রাজভাষা বিভাগের 'রাজভাষা ভারতী'-র উত্তর-পূর্ব বিশেষ সংখ্যার আনুষ্ঠানিক প্রকাশ করা হয়। পাশাপাশি 'ভারতীয় ভাষা ও রাজভাষা হিন্দি – কালজয়ী কৃতিসমূহ' এবং 'অমৃতবাণী সংস্কৃতের কালজয়ী প্রেরণাদায়ক শ্লোক' নামে দুটি বইয়েরও আনুষ্ঠানিক প্রকাশ করা হয়। এই অনুষ্ঠানে বিভিন্ন ব্যাংক, সাহিত্য প্রতিষ্ঠান এবং অন্যান্য সংস্থার পক্ষ থেকে প্রদর্শনী স্টলও স্থাপন করা হয়, যেখানে রাজভাষা সম্পর্কিত বিভিন্ন নতুন উদ্যোগ ও কার্যকলাপের প্রদর্শন করা হয়।

**************************

**Amit Shah-Assam :**

স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ আসামের কাছাড় জেলার কাঠিগড়ায় ভারত-বাংলাদেশ সীমান্ত এলাকার নাতানপুরে ভাইব্র্যান্ট ভিলেজ প্রোগ্রাম দ্বিতীয় পর্বের সূচনা করেন। অনুষ্ঠানে শ্রী শাহ বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সীমান্তবর্তী এলাকার উন্নয়নের জন্য বেশ কিছু পদক্ষেপ নিয়েছেন। তিনি বলেন, দেশের ১৭টি রাজ্যের ৩৩৪টি ব্লক এবং আমাদের প্রায় ১,৯৫৪টি গ্রামে, পাশাপাশি আসামের ১৪০টি সীমান্তবর্তী গ্রামে এই ধরনের কর্মসূচি আয়োজন করা হবে।

অসমে অবৈধ দখলদারিত্বকে সবচেয়ে বড় সমস্যা হিসেবে উল্লেখ করে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, দখলদাররা বেশ কয়েকটি গ্রাম দখল করে রেখেছে। তিনি বলেন, ভারতীয় জনতা পার্টি সরকার গত ১০ বছরে দখলদারিত্ব বন্ধে কার্যকর পদক্ষেপ নিয়েছে। তিনি বলেন, মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মার নেতৃত্বে আসামে অবৈধ জমি দখলদারিত্ব উচ্ছেদের জন্য একটি অভিযান চলছে এবং অনুপ্রবেশকারীদের চিহ্নিত করে ধাপে ধাপে উচ্ছেদ করা হবে। শ্রী শাহ বলেন, বিজেপি সরকার আগামী পাঁচ বছরের মধ্যে আসামকে

বন্যামুক্ত রাজ্য হিসেবে গড়ে তুলতে প্রতিশ্রুতিবদ্ধ। তিনি বলেন, গত দশ বছরে আসামের উন্নয়নের জন্য কেন্দ্রীয় সরকার প্রায় ১৫ লক্ষ কোটি টাকা বরাদ্দ করেছে।

****************************

**TTAADC- Polling Station :**

রাজ্য নির্বাচন কমিশন আসন্ন এডিসি নির্বাচনের জন্য ২৮টি নির্বাচনী ক্ষেত্রের ভোট কেন্দ্রের চূড়ান্ত তালিকা প্রকাশ করবে আগামীকাল।

এদিকে, এডিসি নির্বাচনের জন্য খসড়া ভোটার তালিকা প্রকাশ করা হবে আগামী ২৭শে ফেব্রুয়ারী। ঐদিন থেকেই খসড়া ভোটার তালিকার উপর দাবি ও আপত্তি গ্রহনের কাজ শুরু হবে। তা চলবে আগামী ৬ই মার্চ পর্যন্ত। দাবি ও আপত্তি সমূহের নিষ্পত্তির কাজ শেষ হবে ১০ই মার্চ। চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে আগামী ১৩ই মার্চ। ভারতের নির্বাচন কমিশন কর্তৃক ত্রিপুরার জন্য ২০২৫ সালের পয়লা অক্টোবর প্রকাশিত সর্বশেষ চূড়ান্ত ভোটার তালিকার ভিত্তিতে এডিসি নির্বাচনের জন্য চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করবে রাজ্য নির্বাচন কমিশন। এডিসি নির্বাচনে প্রক্রিয়া পরিচালনার জন্য রাজ্য নির্বাচন কমিশন ইতিমধ্যে ৮ জেলার জেলা শাসককে জেলা নির্বাচনী আধিকারিক হিসাবে নিযুক্ত করেছে। তাছাড়া এডিসির ২৮টি আসনের জন্য নির্বাচন নিবন্ধন আধিকারিকও নিযুক্ত করেছে রাজ্য নির্বাচন কমিশন।

****************************

**Dharmanagar-Bye Election :**

ভারতের নির্বাচন কমিশনের আদেশ অনুসারে ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনের জন্য চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত হবে আগামী ২৮শে ফেব্রুয়ারী। খসড়া ভোটার তালিকা প্রকাশ করা হয়েছিল গত ২২শে জানুয়ারী। খসড়া ভোটার তালিকার উপর গৃহীত দাবি ও আপত্তি সমূহের

নিষ্পত্তির কাজ শেষ হবে আগামীকাল। রাজ্য নির্বাচন দপ্তর সূত্রে এখবর জানা গেছে।

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

**************************

**PM, Meeting :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুনদিল্লিতে ইন্ডিয়া এআই ইমপ্যাক্ট সামিট ২০২৬-এর অবসরে লিচেনস্টাইন বংশোদ্ভূত যুবরাজ প্রিন্স অ্যালোইসের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করেন। বিদেশ মন্ত্রক জানিয়েছে যে বৈঠকে উভয় নেতা বিভিন্ন ক্ষেত্রে দ্বিপাক্ষিক সহযোগিতা পর্যালোচনা করেছেন। তারা ভারত-ইএফটিএ বাণিজ্য ও অর্থনৈতিক অংশীদারিত্ব চুক্তি (টিইপিএ) এর গতিবেগের উপর ভিত্তি করে ভারত ও লিচেনস্টাইনের মধ্যে, বিশেষ করে বাণিজ্য, বিনিয়োগ এবং উদীয়মান প্রযুক্তির ক্ষেত্রে, যার মধ্যে এআই, উদ্ভাবন এবং দক্ষতা উন্নয়ন অন্তর্ভুক্ত, আরও গভীর সহযোগিতা বৃদ্ধিতে সম্মত হয়েছেন।

শীর্ষ সম্মেলনের অবসরে প্রধানমন্ত্রী স্লোভাক প্রজাতন্ত্রের রাষ্ট্রপতি পিটার পেলেগ্রিনির সঙ্গেও দ্বিপাক্ষিক বৈঠকও করেন। তারা দ্বিপাক্ষিক সম্পর্কের সম্পূর্ণ পরিসর পর্যালোচনা করেন এবং বাণিজ্য ও বিনিয়োগ, ডিজিটাল প্রযুক্তি, প্রতিরক্ষা, মহাকাশ, জ্বালানি, সংস্কৃতি এবং জনগণের সঙ্গে জনগণের সংযোগ সহ বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা বৃদ্ধির উপায় নিয়ে আলোচনা করেন। উভয় নেতাই ভারত-ইইউ এফটিএ এবং ভারত-ইইউ যৌথ ব্যাপক কৌশলগত এজেন্ডা ২০৩০ গ্রহণের ফলে সৃষ্ট সম্পর্কের নতুন গতিকে স্বাগত জানান। প্রধানমন্ত্রী মোদী আজ শ্রীলঙ্কার রাষ্ট্রপতি অনুরা কুমার দিশানায়েকের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করেছেন। সামাজিক মাধ্যমে শ্রী মোদী বলেছেন যে তারা শক্তি, সংযোগ, পরিকাঠামো, স্বাস্থ্যসেবা, দক্ষতা, সংস্কৃতি, নীল অর্থনীতি এবং আরও অনেক ক্ষেত্রে সহযোগিতার উপায় নিয়ে আলোচনা করেছেন।

এছাড়াও প্রধানমন্ত্রী শ্রী মোদী এবং মরিশাসের প্রধানমন্ত্রী ডঃ নবীনচন্দ্র রামগুলাম আজ দ্বিপাক্ষিক বৈঠকে ভারত-মরিশাস বর্ধিত কৌশলগত অংশীদারিত্বকে আরও শক্তিশালী করার জন্য, বিশেষ করে উভয় দেশের জনগণের অগ্রগতি ও সমৃদ্ধির জন্য উদীয়মান প্রযুক্তি ব্যবহারে ঘনিষ্ঠভাবে কাজ করার প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেন।

জাতিসংঘের মহাসচিব আন্তোনিও গুতেরেস এবং প্রধানমন্ত্রী মোদীর মধ্যে বৈঠককালে, উভয়ে জাতিসংঘের সংস্কার, বিশেষ করে বৈশ্বিক দক্ষিণকে আরও বেশি করে তুলে ধরার বিষয়ে দৃষ্টিভঙ্গি বিনিময় করেন। নেতারা AI আর কে সর্বজনীন করে তোলার বিষয়ে এবং এই ক্ষেত্রে জাতিসংঘ কীভাবে গঠনমূলক ভূমিকা পালন করতে পারে সে সম্পর্কেও আলোচনা করেন।

**********************************

**International Mother Mother tongue Day :**

আগামীকাল আন্তর্জাতিক মাতৃভাষা দিবস। এই উপলক্ষ্যে রাজ্যভিত্তিক অনুষ্ঠান আগামীকাল বেলা বারোটায় আগরতলা সুকান্ত একাডেমি

অডিটরিয়ামে অনুষ্ঠিত হবে। অনুষ্ঠানের উদ্বোধন করবেন উচ্চ শিক্ষামন্ত্রী কিশোর বর্মন।

***************************

**International Mother Mother tongue Day-South :**

আগামীকাল ২১শে ফেব্রুয়ারী, আন্তর্জাতিক মাতৃভাষা দিবস। এই উপলক্ষে আজ জোলাইবাড়িতে আন্তর্জাতিক বাংলা ভাষা ও সংস্কৃতি সমিতির উদ্যোগে অনির্বাণ মেমোরিয়াল একাডেমিতে গান, কবিতা, নৃত্য ও আলোচনাসভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রাক্তন প্রধান শিক্ষক নির্মলেন্দু চক্রবর্তী ও তপন দাস, নাট্যভিনেতা গোপন বিশ্বাস সহ জোলাইবাড়ির ভাষা ও সংস্কৃতিপ্রেমী ব্যক্তিগণ।

**************************

**New Complex-Assembly :**

বিধানসভার ভারপ্রাপ্ত অধ্যক্ষ রামপ্রসাদ পাল আজ রাজ্য বিধানসভা প্রাঙ্গনে প্রস্তাবিত নতুন অডিটোরিয়াম ও মিউজিয়াম ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। উপস্থিত ছিলেন বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী, বিধানসভার সচিব এ কে নাথ প্রমুখ।

*************************

**LokBhavan-Arunachal Pradesh & Mizoram :**

আগরতলায় লোকভবনে আজ অরুণাচলপ্রদেশ এবং মিজোরামের প্রতিষ্ঠা দিবস উদযাপন করা হয়। এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু কর্মসূত্রে ত্রিপুরায় বসবাসকারী এই দুই রাজ্যের বাসিন্দাদের সম্বর্ধিত করেন। তিনি দুই রাজ্যের প্রাকৃতিক পরিবেশ, মানুষ ও সংস্কৃতির কথা তুলে ধরেন। তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ভাবনা অনুসারে এই দুই সীমান্তবর্তী রাজ্য দেশের প্রাণকেন্দ্রের মতোই গুরুত্ব পাচ্ছে। রাজ্যপাল আরও বলেন লোকভবনে এধরনের অনুষ্ঠান দেশের

একতাকে মজবুত করার প্রয়াস। উল্লেখ্য ১৯৮৭ সালের এই দিনে অরুনাচল ও মিজোরাম পূর্ণ রাজ্য হিসেবে আত্মপ্রকাশ করে।

*************************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৫.৪ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

**************************